

যুগান্ত

সংস্কৃত

এই প্রকল্পে
জ যুক্তি
এক উন্নয়নের
সমাজের উন্নতি

হমেদ
খিলগাঁও, ঢাকা

প্রশংসার দাবিদার
শিক্ষা প্রতিমন্ত্রী

পরীক্ষায় নকল প্রতিরোধে শিক্ষা প্রতিমন্ত্রী এহসানুল হক মিলনের আপসহীন ঘোষণা 'কোন কিছু বুঝি না, নকলমুক্ত পরীক্ষা চাই'- এই ঘোষণা দেশের মানুষের মনে নতুন আশার সঞ্চার করেছে নিঃসন্দেহ। বিগত এসএসসি ও চলমান এইচএসসি পরীক্ষা শুরু আগে থেকেই সকল শিক্ষা বোর্ড, জেলা ও উপজেলা পুলিশ প্রশাসন, প্রচার মাধ্যমের কর্মীদের সঙ্গে তার অব্যাহত মতবিনিময়, সারাদেশে বিরামহীন সফর, নকল প্রতিরোধে যুৎসই বিভিন্ন নীতিমালা, বিধি-নিষেধ প্রণয়ন তার সদিচ্ছারই প্রতিফলন। পাশাপাশি এইচএসসি পরীক্ষার সময় শহুরে থেকে গ্রামে, মহানগরী থেকে দুর্গম প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত বিভিন্ন স্পর্শকাতর পরীক্ষা কেন্দ্র সরেজমিন পরিদর্শন, নকলরত ছাত্রছাত্রী, প্রশ্রয়দানকারী শিক্ষক-শিক্ষিকা, নকল সরবরাহকারী, পরীক্ষা নিয়ন্ত্রকের সঙ্গে সংশ্লিষ্ট কর্তব্যজ্ঞদের গাফিলতি/দায়িত্ব অবহেলা এসবের

বিরুদ্ধে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ প্রমাণ করে তার কথায় ও কাজে তিনি আন্তরিক। তার এই অব্যাহত প্রক্রিয়া সর্বস্তরের মানুষের মনকে দরুণভাবে নাড়া দিয়েছে। নকল প্রতিরোধ ক্রমশ একটি সামাজিক আন্দোলনে রূপ নিচ্ছে। এই সাফল্যের জন্য শিক্ষা প্রতিমন্ত্রী অবশ্যই প্রশংসার দাবিদার।
হারুনুর রশিদ
প্রতিষ্ঠাতা সদস্য
ঢাকাস্থ কচুয়া ফাউন্ডেশন, ঢাকা

রক্ত